



## নিয়োগ বিজ্ঞপ্তি:

তৃণমূল উন্নয়ন সংস্থা (টিইউএস), খাগড়াছড়ি পার্বত্য জেলার একটি স্থানীয় এনজিও, মানুষের জন্য ফাউন্ডেশন(এমজেএফ) এর কারিগরী সহযোগিতায় ও ইউরোপিয়ান ইউনিয়নের অর্থায়নে লক্ষীছড়ি উপজেলায় দারিদ্রতা হ্রাস এবং অতি দরিদ্র পরিবারের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য “পার্টনারশীপ ফর রিজিলিয়েন্ট লাইভলিহুড ইন সিএইচটি রিজিওন” শীর্ষক ৩৮ মাস মেয়াদী একটি প্রকল্প বাস্তবায়ন করতে যাচ্ছে। উক্ত প্রকল্পের আওতায় নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে লক্ষীছড়ি উপজেলার স্থায়ী বাসিন্দাদের কাছ থেকে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

**পদের নাম:** কমিউনিটি মবিলাইজার (০৬টি পদ: লক্ষীছড়ি সদর ইউনিয়ন-০২টি, দুলাতলী ইউনিয়ন-০২ এবং বর্মাছড়ি ইউনিয়ন-০২টি)।

**পদের গ্রেড/লেবেল:** ডি

**চুক্তির ধরণ:** ফিল্ম (প্রকল্প মেয়াদ)।

**চাকরী স্থান:** সংশ্লিষ্ট ইউনিয়ন/শাখা অফিস, তৃণমূল উন্নয়ন সংস্থা, লক্ষীছড়ি উপজেলা।

**রিপোর্টিং টু:** সংগঠক/অর্গানাইজার ও টেকনিক্যাল অফিসার।

**বেতন ও ভাতাদি:** অনুমোদিত প্রকল্পের বাজেট অনুযায়ী।

**প্রকল্পের মেয়াদ:** ২৪ সেপ্টেম্বর ২০২৩ হতে ৩১ অক্টোবর ২০২৬ পর্যন্ত।

**অভিজ্ঞতা:** ন্যূনতম ০২ বছরের প্রাসঙ্গিক কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** এইচএসসি পাশ।

**অন্যান্য দক্ষতা:**

- স্মার্টফোন/ট্যাবলেটে ও ইন্টারনেট ব্যবহারের দক্ষতা থাকতে হবে।
- কৃষক মাঠ স্কুল (এফএফএস) ও সমন্বিত খামার ব্যবস্থাপনা (আইএফএম) এ বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- প্রতিবেদন তৈরী করার দক্ষতা থাকতে হবে।
- শারীরিক সক্ষমতা এবং দুর্গম এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- কমিউনিটিদের সাথে সুসম্পর্ক ও যোগাযোগ স্থাপনের জন্য স্থানীয় ভাষায় পারদর্শী হতে হবে।

**দায়িত্ব ও কর্তব্য:**

কমিউনিটি মবিলাইজারের দায়িত্ব ও কর্তব্য হবে নিম্নরূপ:

- ১) দায়িত্ব প্রাপ্ত এলাকায় বিভিন্ন তথ্য-উপাত্ত সংগ্রহ করা, উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে নীবিড় ভূমিকা পালন করা এবং কমিউনিটি পর্যায়ে কৃষক মাঠ স্কুল দল গঠন করা।
- ২) পাড়া পর্যায়ে বিভিন্ন ধরনের সভা আয়োজন করা ও নিয়মিত সেশন পরিচালনা করা।
- ৩) পাড়া পর্যায়ে মোবাইলাইজেশন সভা আয়োজন করা, কৃষক মাঠ স্কুল (এফএফএস) ও সমন্বিত খামার ব্যবস্থাপনা (আইএফএম) দল গঠন করা।
- ৪) কৃষক মাঠ স্কুল, কালেক্টিশন পয়েন্ট ও কমিউনিটি পরিচালিত বীজ ভান্ডার গুলোতে সহযোগিতা প্রদান ও সমস্যার সমাধান করা।
- ৫) পরিবার ভিত্তিক প্রোপাইলিং, এবং কৃষক সহায়কদের প্রতিবেদন তৈরী করা।
- ৬) কৃষক মাঠ স্কুল (এফএফএস) ও সমন্বিত খামার ব্যবস্থাপনা (আইএফএম) দল এর প্রয়োজনীয় উপকরণসমূহ যথোপযুক্তভাবে ব্যবহার নিশ্চিত করা।
- ৭) খানা/বাড়ি পরিদর্শন এবং দৈনিক বাস্তবায়নকৃত কার্যক্রমসমূহের ফলোআপ এবং সমস্যার সমাধান করা।



- ৮) কৃষক সহায়কদের নির্ধারিত কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যবেক্ষণ এবং চলমান কার্যক্রমের নিয়মিত প্রতিবেদন প্রদান করা।
- ৯) জীবিকায়ন সম্পর্কিত বিভিন্ন প্রশিক্ষণ, সভা, সেমিনার, কর্মশালায় অংশগ্রহণকারী নির্বাচন করা।
- ১০) কৃষক সহায়তাকারীর সহযোগিতায় কমিউনিটি পর্যায়ে টিকা প্রদান কর্মসূচি আয়োজন ও বাস্তবায়ন করা।
- ১১) ইউনিয়ন পরিষদ, স্থানীয় সেবাদানকারী ও বেসরকারী সংস্থার মধ্যে সমন্বয় সাধন করা।
- ১২) সরকারী বিভাগের কর্মকর্তা, ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সদস্য, এবং মাস্টার প্রশিক্ষকদের মাঠ পরিদর্শনের আয়োজন করা।
- ১৩) কৃষক মাঠ দিবস, প্রদর্শনী স্থাপন, ও শিখন পরিদর্শন ইত্যাদি আয়োজনে সংগঠককে সহায়তা করা।
- ১৪) মাঠ পর্যায়ে ৯০% এর অধিক সময় ব্যয় করতে হবে।
- ১৫) সুপারভাইজার কর্তৃক অর্পিত যে কোন ধরনের কাজ সম্পাদন করা।


উপরোক্ত পদের জন্য আবেদন করতে হলে অনুগ্রহ করে আপনার আবেদনপত্রটি জীবনবৃত্তান্ত, ১কপি পিপি সাইজের রঙিন ছবি, সকল একাডেমিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, সার্কেল টাফের সনদপত্র, ইউনিয়ন পরিষদের সনদপত্রের ফটোকপিসহ আগামী ১৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় জমা দিন বা প্রেরণ করুন:

বরাবর, আহবায়ক, নিয়োগ কমিটি, তৃণমূল উন্নয়ন সংস্থা, মারমা সংসদ ভবন (২য় তলা), খাগড়াছড়ি পার্বত্য জেলা or email: [tusrecruitment@gmail.com](mailto:tusrecruitment@gmail.com)। খামের উপর প্রার্থীকে অবশ্যই আবেদিত পদের নাম উল্লেখ করতে হবে।

সংক্ষিপ্ত তালিকা আগামী ২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. বিকাল ৪.৩০ ঘটিকায় তৃণমূল উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে ([www.trinamulchtd.org](http://www.trinamulchtd.org)) প্রকাশ করা হবে। শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের আগামী ২২ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিতব্য লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। ইন্টারভিউ সেশনে অংশগ্রহণের জন্য সংস্থা কোন প্রকার টিএ/ডিএ প্রদান করবে না।

**নারী ও প্রতিবন্ধি প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।**

**বিশেষ দৃষ্টব্য:** কোন প্রার্থী নিয়োগ প্রক্রিয়ায় হস্তক্ষেপ বা প্রভাবিত করার চেষ্টা করলে তার প্রার্থীতা অযোগ্য বলে বিবেচনা করা হবে। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত, পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে।

  
আহ্বায়ক  
নিয়োগ কমিটি  
তৃণমূল উন্নয়ন সংস্থা